

## ০৭ সদরপুর ইউনিয়নের দর্শনীয় স্থান সমূহ ।

বিশ্ব জাকের মঞ্জিল (আটরশি) দরবার শরীফ, আধ্যাত্মিক প্লাটফর্ম, যাহা সদরপুর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের আট রশি গ্রামে অবস্থিত। যেখানে বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে ধর্মপ্রান মুসলমানেরা জড়ো হয়ে আল্লাহর ধ্যান জ্ঞানে মশগুল থাকে। অপর দিকে উক্ত ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের বাইশ রশি গ্রামে জমিদার বাড়ী অবস্থিত। যাহা প্রায় দীর্ঘদিনের ইতিহাস খ্যাত, এই জমিদার বাড়ির বেশ কিছু সামাজিক. সাংস্কৃতি সহ শিক্ষা প্রসারে তাহাদের ভূমিকা অনন্য। উল্লেখিত সদরপুর ইউনিয়নের প্রেসিডেন্ট নির্বাচিত হন বাবু সুকুমার রায় বাহাদুর। এই জমিদার বাড়ি বর্তমানে সারা বাংলার দর্শনীয় স্থান। প্রতি দিন শত শত লোক এখানে দর্শনার্থী হিসাবে আসেন। অপরদিকে সাড়ে সাতরশি আর এক আধ্যাত্মিক প্লাট ফর্মের নাম খানকা শরীফ। ধর্মপ্রাণ মুসলমানদের আনাগোণায় উক্ত খানকা শরীফ সারাক্ষণ মশগুল। উপরে বর্ণিত দর্শনীয় স্থান সমূহের ছবি আমাদের ইউনিয়ন পোর্টালের ব্যানারে প্রদর্শিত হচ্ছে।